দৈনিক বাংলা

17

তারিখ 12 DEC 1996
পৃষ্ঠা ৭ কলাম ১

# গণমুখী শিক্ষানীতি প্রণয়নের কাজ শুরু হয়েছে ঃ শিক্ষামন্ত্রী

চট্টগ্রাম ব্যুরো ঃ শিক্ষামন্ত্রী এ এস এইচ সাদেক বলেছেন, সরকার শিক্ষা-ক্ষেত্রে বৈষম্য ও অব্যবস্থা দূরীকরণের লক্ষ্যে একটি যুগোপযোগী গ্রহণযোগ্য গণমুখী শিক্ষা নীতি প্রণয়নের কাজ শুরু করেছে।

মন্ত্রী সম্প্রতি স্থানীয় শহীদ মিনার প্রাঙ্গণে ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী ছাত্রছাত্রীদের এক নাগরিক সংবর্ধনায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত অভিমত ব্যক্ত করেন।

চট্টগ্রাম সিটি মেয়র আলহাজ এ বি এম মহিউদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান। সভায় অন্যান্যের মধ্যে চট্টগ্রাম জেলা প্রশাসক কে এম হাবিব উল্লাহ, সিটি কর্পোরেশন শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান, ওয়ার্ড কমিশনার শহিদুল আলম, কমিশনার জহিরুল আলম দোভাষী সংবর্ধিত কৃতী ছাত্রদের পক্ষে খুররম আহামদ কৃতীছাত্রী তারীর-ই-নাজনীন প্রমুখ বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, গতানুগতিক শিক্ষা ব্যবস্থার দীর্ঘদিনের পুঞ্জিভূত অবস্থা ও বৈষম্য দূর করার জন্য এ শিক্ষা নীতি প্রণয়ন করা হচ্ছে। যা বর্তমান সরকারের অন্যতম প্রাক নির্বাচনী প্রতিশ্রুতি। মন্ত্রী বলেন, বর্তমান সরকারের, অন্যতম কর্মসূচী হচ্ছে মানব সম্পদের উন্নয়ন, দেশের শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ সৃষ্টির মাধ্যমে শিক্ষার গুণগত পরিবর্তন আনয়ন।